পপি খেতে অভিযান ।। মাথাভাঙ্গা থানার পুলিশ অভিযান চালিয়ে মঙ্গলবার হাজরাহাট–১ গ্রাম পঞ্চায়েতের অন্দরান পখিহাগা এবং হাজরাহাট–২ গ্রাম পঞ্চায়েতের ভাঙ্গা মোড় এলাকার আনুমানিক ৮ বিঘা জমির পপি গাছ কাটল। এই গাছের ফলের কষ থেকে আফিম তৈরি করা হয়। এর বীজ পোস্ত নামে পরিচিত। পুলিশি অভিযানের নেতৃত্ব দেন থানার আইসি প্রদীপ সরকার। ছিলেন অন্য পুলিশ আধিকারিকরাও। পুলিশ জানিয়েছে, ওই এলাকায় অবৈধ এই চাষের বিষয়টি তাদের গোচরে আসামাত্র এদিন অভিযান চালানো হয়। ছবি ও তথ্য ঃ বুল নমদাস

মুগাভোগ হাইস্কুলে ক্লাস নিলেন দুই আইএএস এবং আইপিএস

তুফানগঞ্জ, ১৩ ফেব্রুয়ারি ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর কী পড়বে ছাত্রছাত্রীরা, কী নিয়ে পড়লে ভালো চাকরি পাওয়া যায়, আইএএস এবং আইপিএস ইত্যাদি পরীক্ষা দিতে কীভাবে প্রস্তুত হতে হয় তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন জেলার দুই আইএএস ও আইপিএস অফিসার। মঙ্গলবার বেলা দুটো নাগাদ মুগাভোগ হাইস্কুলের পড়ুয়াদের ক্লাস নিতে আসেন আইএএস বৈভব চৌধুরি এবং আইপিএস সন্দীপ কাররা। তাঁরা মূলত কেরিয়ার গাইডেন্সের ওপর ১ ঘণ্টা ক্লাস নেন। দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের নিয়ে এই ক্লাস চলে।

ছাত্রছাত্রীরা জানায়, এদিনের ১ ঘণ্টার ক্লাসে আমরা বেশ উপকৃত। জীবনের প্রতিটি মুহূর্তে এই ক্লাসের কথা মনে পড়বে। জীবনের উন্নতির একধাপ সিঁড়ি আমরা ওপরে উঠলাম।

মুগাভোগ হাইস্কুলের প্রধান

> আমরা বিদ্যালয়ে কেরিয়ার গাইডেন্স সেল তৈরি করেছি প্রায় তিন বছর আগে। সেই কেরিয়ার গাইডেন্স সেলে এদিন ক্লাস নিলেন একজন আইএএস ও আইপিএস অফিসার।
>
> *–প্রদীপ ঝা, প্রধান শিক্ষক, মুগাভোগ হাইস্কুল*

শিক্ষক প্রদীপ ঝা বলেন, 'আমরা বিদ্যালয়ে কেরিয়ার গাইডেন্স সেল তৈরি করেছি প্রায় তিন বছর আগে। সেই কেরিয়ার গাইডেন্স সেলে এদিন ক্লাস নিলেন একজন আইএএস ও আইপিএস অফিসার। তিনি আরও বলেন, উত্তরবঙ্গের পড়ুয়ারা মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকের পর কী পড়বে তা নিয়ে বেশি ভাবনাচিন্তা করে না। সবাই শিক্ষকতার পেশায় যেতে চায়। সিভিল সার্ভিস, ব্যাংকিং সার্ভিস ইত্যাদি বিষয়ে ছাত্রছাত্রীরা ওয়াকিবহাল নয়। তাই উত্তরবঙ্গে ছেলেমেয়েরা চাকরির ক্ষেত্রে পিছিয়ে। এই জায়গা থেকে ছাত্রছাত্রীদের সচেতন করে চাকরির পরীক্ষার জন্য প্রাথমিকভাবে দিশা দেখাতে চায় এই বিদ্যালয়। এদিন এই দুই অফিসার কেরিয়ার গাইডেন্সের ওপর ক্লাস নিয়ে এক উজ্জ্বল অধ্যায়ের সূচনা করলেন।
–সংবাদ নিউজ সার্ভিস

কিশোরী অপহরণে চাঞ্চল্য

জামালদহ, ১৩ ফেব্রুয়ারি ঃ দশম শ্রেণির এক কিশোরী স্কুল ছাত্রীকে অপহরণের অভিযোগ উঠেছে। মেয়েটির বাবা পুলিশে লিখিত অভিযোগ জানিয়েছেন। এই ঘটনায় কোচবিহার জেলার মেখলিগঞ্জ ব্লকের ১৬৫ নম্বর উছলপুকুরি এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গিয়েছে, গত ৮ ফেব্রুয়ারি স্কুলে যাওয়ার নাম করে ১৫ বছরের ওই কিশোরী বাড়ি থেকে বের হয়। কিন্তু ঘরে ফেরেনি। নিখোঁজের চারদিনের মাথায় গত ১১ ফেব্রুয়ারি কিশোরীর বাবা মেখলিগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। সঞ্জিৎ বর্মন নামে গোপালপুর গ্রাম পঞ্চায়েতের ময়নাতলি সংলগ্ন কামারপাড়ার এক যুবক মেয়েটিকে অপহরণ করেছে বলে অভিযোগ করা হয়েছে। সঞ্জিৎ ছাড়াও জনৈক পঞ্চা বর্মন ও ব্রজেন আসোয়ারের নামেও নালিশ জানানো হয়েছে। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। অভিযুক্ত যুবকরা কিংবা মেয়েটির সন্ধান পুলিশ এখনও পায়নি। তবে পুলিশের প্রাথমিক অনুমান, এটি প্রেমজনিত ঘটনা হতে পারে। প্রেমের টানেই হয়তো ঘর ছেড়েছে মেয়েটি।

এ প্রসঙ্গে মেখলিগঞ্জ মহকুমা পুলিশ আধিকারিক অভিষেক রায় মঙ্গলবার জানিয়েছেন, 'প্রাথমিকভাবে মনে হচ্ছে প্রেমঘটিত ব্যাপার এটা। অভিযোগ জমা পড়েছে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। অভিযুক্ত যুবক ও নাবালিকার সন্ধানে তল্লাশি চলছে। মাথাভাঙ্গা থানার পুলিশ তদন্ত করে দেখছে।' এদিন কামারপাড়া এলাকায় গিয়ে জানা গিয়েছে, অভিযুক্ত তিন যুবক পলাতক। খোঁজ মেলেনি সঞ্জিতের বাবা ও মায়েরও। প্রতিবেশীরা বলেন, থানায় অভিযোগ জমা পড়ার পরেই সবাই পলাতক।'
–সংবাদ নিউজ সার্ভিস

উত্তর বড় হলদিবাড়ির দুইশো বিঘায় অগ্নিকাণ্ড

হলদিবাড়ি, ১৩ ফেব্রুয়ারি ঃ অগ্নিকাণ্ডে ভস্মীভূত হল দুটি বাড়ির একটি করে ঘর। মঙ্গলবার বিকালে এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায় উত্তর বড় হলদিবাড়ি গ্রাম পঞ্চায়েতের দুইশো বিঘা এলাকায়। অগ্নিকাণ্ডে সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে ঘর দুটি। বাড়ির মালিক গিরিন্দ্র সরকার ও রঞ্জিত সরকার জানান, তাঁদের বাড়ি পাশাপাশি। এদিন প্রথমে রঞ্জিতের রান্নাঘরে আগুন লাগে। তারপর সেই আগুন খড়ের গাদায় ছড়ায়। পরবর্তীতে গিরিন্দ্রর শোবার ঘরে আগুন লাগে। ঘর দুটি পুড়ে যায়। ঘর থেকে কোনো কিছু বের করা সম্ভব হয়নি। পরে দমকল কর্মীরা এসে আগুন নেভান। দমকল কর্মীদের অনুমান, বিদ্যুতের শর্টসার্কিট থেকে আগুন লেগেছিল। – সংবাদ নিউজ সার্ভিস

আগুনে পোড়া ঘর। ছবি ঃ অমিতকুমার রায়

ঘরের পাশেই বিদ্যুতের তার, চিন্তায় প্রাক্তন শিক্ষক

দিনহাটা, ১৩ ফেব্রুয়ারি ঃ প্রথমে বোনের জমিতে বিনা অনুমতিতে বিদ্যুতের খুঁটি পোঁতা। এরপর তাঁর বাড়ি ঘেঁষে বিদ্যুতের লাইন নিয়ে যাওয়ায় চরম আতঙ্কে দিন কাটছে এক অবসরপ্রাপ্ত হাইস্কুল শিক্ষকের। বিষয়টি নিয়ে তিনি বিদ্যুৎ দপ্তরের দিনহাটা–১ গ্রুপ সাপ্লাইয়ের স্টেশন ম্যানেজারের দ্বারস্থ হয়েছেন। অবসরপ্রাপ্ত শিক্ষক, পুঁটিমারি মৌজার বাসিন্দা প্রকাশ মোদকের অভিযোগ, তাঁর বোন সাথী মোদকের জমিতে বিনা অনুমতিতে বিদ্যুতের খুঁটি পোঁতা হয়। এরপর তাঁর বাড়ির পাশ দিয়ে বিদ্যুতের লাইন খুবই বিপজ্জনকভাবে নিয়ে যাওয়া হয়েছে। দোতলার ঘরের জানলা দিয়েই ছোঁয়া যায় সেই বিদ্যুৎবাহী তার। জানলা খোলা বা বন্ধের সময় যে কোনো অসতর্ক মুহূর্তে তাই দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। তাঁর আরও অভিযোগ, ওই লাইন টানার সময় আপত্তির কথা জানালেও এ কাজের দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার তাতে কর্ণপাত করেননি। এ অবস্থায় ভবিষ্যতে তাঁর বাড়ির ওই দিক সংস্কার বা রং করা নিয়েও সমস্যার কথা তুলেছেন তিনি। যদিও বিষয়টি নিয়ে দিনহাটা গ্রুপ–১–এর স্টেশন ম্যানেজার বিষ্ণুপদ বর্মন বলেছেন, ঠিকাদারকে বলা হয়েছে।

নাককাটিগাছে উঠোনে বৃদ্ধার পোড়া মৃতদেহ উদ্ধার, চাঞ্চল্য

তুফানগঞ্জ, ১৩ ফেব্রুয়ারি ঃ এক বৃদ্ধার অস্বাভাবিক মৃত্যুকে ঘিরে চাঞ্চল্য ছড়াল নাককাটিগাছ গ্রাম পঞ্চায়েতের কামাত ফুলবাড়ি এলাকায়। মৃত বৃদ্ধার নাম মঞ্জুলা বসাক (৬৪)। মঙ্গলবার সকালে বাড়ির উঠোনে তাঁর আগুনে পোড়া দেহ পড়ে থাকতে দেখা যায়। খবর পেয়ে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায় তুফানগঞ্জ থানার পুলিশ।

স্থানীয় সূত্রে খবর, দীর্ঘদিন শারীরিকভাবে অসুস্থ ছিলেন মঞ্জুলাদেবী। যার প্রভাবে মানসিক অবসাদেও ভুগছিলেন। সোমবার রাতে খাওয়ার পরে বাড়ির সবাই নিজের ঘরে চলে যায়। সকালে বাড়ির উঠোনে মঞ্জুলাদেবীর দেহ পড়ে থাকতে দেখা যায়। এই খবর ছড়িয়ে পড়তেই ওই বাড়িতে ভিড় জমান স্থানীয়রা। মঞ্জুলাদেবীর মৃত্যুকে ঘিরে প্রশ্ন উঠছে জনমানসে। আগুন কীভাবে লাগল না কেউ লাগিয়েছে তা জানতে চাইছেন স্থানীয়রা। আবার একজন মহিলার গায়ে আগুন লাগলেও কেউ তাঁর চিৎকার শুনল না, এই বিষয়টিও বিতর্ক সৃষ্টি করছে। আগুন মৃত্যুর আগে লেগেছে না পরে লাগিয়ে দেওয়া হয়েছে তা নিয়ে প্রশ্ন তুলেছেন তুফানগঞ্জবাসী।

> আগুন মৃত্যুর আগে লেগেছে না পরে লাগিয়ে দেওয়া হয়েছে তা নিয়ে প্রশ্ন তুলেছেন তুফানগঞ্জবাসী।

খবর পেয়ে ঘটনাস্থলে যান স্থানীয় পঞ্চায়েত সদস্য রঞ্জিত দাসও। তিনি জানিয়েছেন, এদিন সকালে মঞ্জুলাদেবীর পুড়ে যাওয়া দেহ উঠোন থেকে উদ্ধার করা হয়েছে। তিনি বেশ কিছুদিন শারীরিকভাবে অসুস্থ ছিলেন। পাশাপাশি মানসিকভাবেও তিনি বিপর্যস্ত ছিলেন। প্রাথমিকভাবে এটা আত্মহত্যার ঘটনা বলেই মনে হচ্ছে। এই মৃত্যু নিয়ে কারও কোনো অভিযোগ নেই বলে দাবি করেছেন তিনি। যদিও খবর পেয়ে ঘটনাস্থলে এসে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায় তুফানগঞ্জ থানার পুলিশ। ময়নাতদন্তের শেষে দেহটি পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

মহিষবাথানে ভাওয়াইয়া প্রতিযোগিতা

দেওয়ানহাট, ১৩ ফেব্রুয়ারি ঃ অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তরের উদ্যোগে ও কোচবিহার–১ পঞ্চায়েত সমিতির পরিচালনায় দুদিনব্যাপী ২৯তম ব্লক ভাওয়াইয়া সংগীত প্রতিযোগিতা শেষ হল মঙ্গলবার। উল্লেখ্য, পানিশালা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মহিষবাথানের একটি মাঠে সোমবার এই প্রতিযোগিতার উদ্‌বোধন করেন বিধায়ক তথা উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ। প্রতিযোগিতায় ব্লকের ১৫টি গ্রাম পঞ্চায়েত এলাকার দুই শতাধিক প্রতিযোগী অংশ নেন। দুটি বিভাগের প্রথম স্থানাধিকারীরা সরাসরি রাজ্য পর্যায়ের প্রতিযোগিতায় অংশ নেবেন।–সংবাদ নিউজ সার্ভিস

কিশোরীকে অপহরণে অভিযুক্ত ধৃত

দেওয়ানহাট, ১৩ ফেব্রুয়ারি ঃ বলরামপুর–১ গ্রাম পঞ্চায়েতের প্রজাপাড়া এলাকা থেকে এবছরের মাধ্যমিক পরীক্ষার্থী এক কিশোরীকে অপহরণের অভিযোগ ওঠে গত বুধবার। অবশেষে ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে সোমবার রাতে স্থানীয় এক ডেরা থেকে অভিযুক্ত যুবক শেখর বর্মনকে গ্রেফতার করল তুফানগঞ্জ থানার পুলিশ। সেখানে মেয়েটিকেও পাওয়া যায়। আলিপুরদুয়ার শিশু কল্যাণ কমিটির অধীনস্থ কোচবিহার জেলা শিশু কল্যাণ কমিটির নির্দেশে মেয়েটিকে কোচবিহার শহিদ বন্দনা স্মৃতি বালিকা আবাসে রাখা হয়েছে। চাইল্ড লাইন টিম মেম্বার কৃষ্ণচন্দ্র বর্মন এ খবর জানান। এদিকে তুফানগঞ্জ মহকুমা পুলিশ আধিকারিক জানান, অভিযুক্তকে এদিন আদালতে পেশ করা হলে বিচারক বিচারবিভাগীয় হেপাজতের নির্দেশ দেন।

মেখলিগঞ্জে গ্রাম ও শহরের দুই স্কুলের সেতুবন্ধন

মেখলিগঞ্জ, ১২ ফেব্রুয়ারি ঃ মেখলিগঞ্জে চলছে গ্রাম ও শহরের মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে সেতুবন্ধন বা টুইনিং প্রোগ্রাম। সর্বশিক্ষা মিশনের উদ্যোগে এই কর্মসূচিটি অনুষ্ঠিত হচ্ছে মেখলিগঞ্জে। মেখলিগঞ্জের অবর বিদ্যালয় পরিদর্শক অনিমেষ দেবনাথ জানান, এই কর্মসূচিটির জন্য মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও সতীরঘাটেরপার রামনিধি উচ্চবিদ্যালয়কে বেছে নেওয়া হয়েছে। কোচবিহার জেলার মধ্যে কেবলমাত্র এই দুটি বিদ্যালয়ের বন্ধন কর্মসূচিতে ছাত্ররা অন্য বিদ্যালয়ে রাত্রিযাপনও করছে। প্রতি বছর দুটি করে স্কুলকে এই কর্মসূচিতে নেওয়া হবে বলে তিনি জানান।

তিনি জানান যে, এই কর্মসূচিতে ৭ দিন সতীরঘাটেরপার রামনিধি উচ্চবিদ্যালয়ের অষ্টম শ্রেণির ৩০ জন ছাত্র মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে থাকবে। অনুরূপভাবে মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ৩০ জন ছাত্র সতীরঘাটেরপার রামনিধি উচ্চবিদ্যালয়ে থাকবে এবং পড়াশোনা করবে।

সতীরঘাটেরপাররামনিধি উচ্চবিদ্যালয়ের তরফে এই কর্মসূচি পরিচালনার দায়িত্বে আছেন। প্রধান শিক্ষক মানস সিংহসরকার। মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের তরফে দায়িত্বে আছেন সহশিক্ষক দিলীপ পণ্ডিত। মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের তরফে যেমন সতীরঘাটেরপার রামনিধি উচ্চবিদ্যালয়ের থেকে আগত ছাত্রদের জন্যে মেখলিগঞ্জ কৃষক বাজার, সমষ্টি উন্নয়ন আধিকারিকের দপ্তর জিরো পয়েন্ট প্রভৃতি জায়গায় শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করা হয়েছে। তেমনি সতীরঘাটেরপার রামনিধি উচ্চবিদ্যালয়ের তরফে মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রদের জন্যও মেখলিগঞ্জের প্রাচীন 'মেখলি' শিল্পকে কাছ থেকে জানার ও দেখার সুযোগ করে দেওয়া হয়েছে। দুই বিদ্যালয়ের ছাত্রদের জন্য বিদ্যালয়েই রয়েছে খাবারের ব্যবস্থা।
–সংবাদ নিউজ সার্ভিস

শিবরাত্রির মেলা উদ্‌বোধন কাল

ফুলবাড়ি, ১৩ ফেব্রুয়ারি ঃ মাথাভাঙ্গা–২ ব্লকের ফুলবাড়ির ডাকুয়াপাড়া সর্বজনীন শিবমন্দির কমিটি পরিচালিত শিবরাত্রির মেলা শুরু হচ্ছে বৃহস্পতিবার। মেলার প্রস্তুতি প্রায় শেষ। মেলা চলবে দশদিন। এবার মেলায় থাকছে নাগরদোলা, দোলনা সহ আরও অনেক কিছু। মেলা কমিটির সম্পাদক ধ্বজেন বর্মন জানান, মেলার এবার ২১ বছর। পুজো ও মেলাকে ঘিরে মন্দির সাজিয়ে তোলা হয়েছে। বুধবার সারাদিন চলবে শিবপুজো। বৃহস্পতিবার সন্ধ্যায় মেলার উদ্‌বোধন হবে।

কোচবিহার –১ ব্লকে কিশোরীদের প্রশিক্ষণ

দেওয়ানহাট, ১৩ ফেব্রুয়ারি ঃ সবলা প্রকল্পের মাধ্যমে কোচবিহার–১ ব্লকের সাতটি গ্রাম পঞ্চায়েত এলাকার কিশোরীদের ক্ষমতায়নের উদ্দেশ্যে সোমবার শুরু হল সখী–সহেলিদের প্রশিক্ষণ। বৃহস্পতিবার পর্যন্ত প্রশিক্ষণ চলবে। কর্মসূচিকে সফল করার জন্য যৌথভাবে এগিয়ে এসেছে ব্লক সুসংহত শিশু বিকাশ দপ্তর, স্বেচ্ছাসেবী সংস্থা সিনি ও ল্যান্ডেসা। জানা গিয়েছে, ডাউয়াগুড়ি, মোয়ামারি, পুঁটিমারি–ফুলেশ্বরী, চান্দামারি, পানিশালা, হাঁড়িভাঙ্গা ও দেওয়ানহাট গ্রাম পঞ্চায়েত এলাকার ৩৩০ জন কিশোরী প্রশিক্ষণ নিচ্ছে। চারদিনের এই কর্মসূচিতে কিশোরীদের কন্যাশ্রী প্রকল্প, মানসিক ও শারীরিক পরিবর্তন ও প্রজনন সম্পর্কিত সমস্যা ও তার প্রতিকার, জমির অধিকার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। পাশাপাশি কর্মসূচির শেষ দিন স্থানীয় নানা দপ্তরে কিশোরীদের নিয়ে যাওয়া হবে। প্রশিক্ষণ কর্মসূচির প্রথম দিন বিভিন্ন গ্রাম পঞ্চায়েত দপ্তরে উপস্থিত ছিলেন

সদ্‌ভাবনা মণ্ডলের শিলান্যাস

দিনহাটা, ১৩ ফেব্রুয়ারি ঃ এমএসডিপি–র আওতায় দিনহাটা–১ ব্লকের ওকড়াবাড়ি আলাবক্স হাইস্কুল প্রাঙ্গণে সদ্‌ভাবনা মণ্ডল (ভবন)–এর শিলান্যাস হল মঙ্গলবার। শিলান্যাস করলেন বিধায়ক জগদীশচন্দ্র বর্মাবসুনিয়া। এই মণ্ডল নির্মাণের ৭২ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধার্য হয়েছে। সংখ্যালঘু সম্প্রদায়, মৎস্যজীবী, বিকলাঙ্গ প্রভৃতি পিছিয়ে পড়া মানুষকে প্রশিক্ষণ এবং তাদের অনুষ্ঠানের জন্য সদ্‌ভাবনা মণ্ডল ব্যবহৃত হবে। খুব শীঘ্রই মণ্ডল নির্মাণের কাজ সম্পন্ন করা হবে বলে জগদীশবাবু জানান। শিলান্যাস অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক বিশ্বনাথ দেব, তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি নূর আলম হোসেন প্রমুখ।

হরিরহাটের ব্যবসায়ীদের ৮ দফা

বক্সিরহাট, ১৩ ফেব্রুয়ারি ঃ তুফানগঞ্জ মহকুমা ব্যবসায়ী সমিতি অনুমোদিত হরিরহাট শাখা ব্যবসায়ী সমিতির চতুর্থ সম্মেলন অনুষ্ঠিত হয় মঙ্গলবার। হরিরহাট বাজারে আয়োজিত সম্মেলনের সূচনা করেন কোচবিহার জেলাপরিষদের সভাধিপতি পুষ্পিতা রায়ডাকুয়া। এলাকার শতাধিক ব্যবসায়ী সম্মেলনে যোগ দেন। সম্মেলন মঞ্চ থেকে ব্যবসায়ী ও এলাকার উন্নয়নের স্বার্থে আট দফা দাবি তোলা হয়। হরিরহাটে কোনো রাষ্ট্রায়ত্ত ব্যাংকের শাখা স্থাপন করা, হরিরহাট বাজারে নতুন স্টল নির্মাণ করে বাজারের আধুনিকীকরণ, হরিরহাট থেকে বক্সিরহাট পর্যন্ত রাস্তার দ্রুত সংস্কার, হরিরহাটে প্রাণী স্বাস্থ্যকেন্দ্র স্থাপন, এলাকায় পরিশ্রুত পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা সহ আট দফা দাবি জানানো হয়। এদিনের সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন তুফানগঞ্জ মহকুমা ব্যবসায়ী সমিতির সভাপতি অশোক দে, যুগ্ম সম্পাদক জগবন্ধু সাহা ও গৌতম সরকার, বারকোদালি–১ গ্রাম পঞ্চায়েতের প্রধান সুরেশচন্দ্র পাল, উপপ্রধান পুলিনচন্দ্র বর্মন, পশ্চিমবঙ্গ তৃণমূল প্রাথমিক শিক্ষক সমিতির বক্সিরহাট সার্কেল কমিটির সভাপতি পরেশচন্দ্র মণ্ডল প্রমুখ। সম্মেলন শেষে ১৭ জনকে নিয়ে সংগঠনের নতুন কমিটি গঠন করা হয়। পরবর্তীতে এই কমিটি পদাধিকারীদের নির্বাচন করবে বলে বিদায়ি কমিটির যুগ্ম সম্পাদক সুশীলচন্দ্র রায়সিংহ ও মুকুলচন্দ্র জামদারি জানান। –সংবাদ নিউজ সার্ভিস

তৃণমূলের মিছিল

ঘোকসাডাঙ্গা, ১৩ ফেব্রুয়ারি ঃ কেন্দ্রীয় সরকারের 'জনবিরোধী' নানা নীতি এবং বিজেপি ও সিপিএমের 'সন্ত্রাস'–এর প্রতিবাদে মঙ্গলবার ঘোকসাডাঙ্গায় মহামিছিল বের করে তৃণমূল কংগ্রেস। দলের মাথাভাঙ্গা–২ ব্লক সভাপতি উমাকান্ত বর্মন এ খবর জানিয়েছেন। তিনি বলেন, মিছিলে ব্লকের বিভিন্ন এলাকার প্রায় ৫ হাজার তৃণমূল কর্মী–সমর্থক অংশ নেন। মিছিলটি ঘোকসাডাঙ্গা রেল বাজার, পুরানো বাজার, থানা ও হাসপাতল চৌপথি পরিক্রমা করে।

মেলা শুরু আজ

জামালদহ, ১৩ ফেব্রুয়ারি ঃ রাত পোহালেই শুরু হচ্ছে ঐতিহ্যবাহী শিলঘাগড়িমেলা। বুধবার মেখলিগঞ্জ ব্লকের উছলপুকুরিতে এই মেলার উদ্‌বোধন করবেন জলপাইগুড়ির সাংসদ বিজয়চন্দ্র বর্মন। মেলা কমিটির সভাপতি সীতানাথ বর্মন ও সম্পাদক সবেন্দ্রনাথ রায় জানান, ঐতিহ্যবাহী এই মেলার এবার ২২ বছর। পাঁচদিনব্যাপী এই মেলায় মহানামযজ্ঞেরও আয়োজন করা হয়েছে।–সংবাদ নিউজ সার্ভিস

শববহনে গাড়ি পেল মেখলিগঞ্জ

এই গাড়িটি পুরসভাকে দিয়েছেন ঠিকাদাররা। ছবি ঃ সজল দে

মেখলিগঞ্জ, ১৩ ফেব্রুয়ারি ঃ মেখলিগঞ্জ শহরবাসীর দীর্ঘদিনের দাবি ছিল একটি শববাহী যানের। দেরিতে হলেও অবশেষে দাবি পূরণ হল। দাবি পূরণ করলেন ঠিকাদাররা। পুরপ্রধান মিঠু সিংহ সরকারের (অধিকারী) হাতে শববাহী যানের চাবি তুলে দেন মেখলিগঞ্জ কনট্রাক্টর অ্যাসোসিয়েশনের সদস্যরা। উল্লেখ্য, মেখলিগঞ্জ শহরে এতদিন শববহনের জন্য যান না থাকায় সমস্যায় পড়তেন মৃতের আত্মীয়স্বজনরা। এছাড়া সমস্যা হত হাসপাতালে মৃতদের দেহ বাড়িতে নেওয়ার ক্ষেত্রেও। কারণ, চালকরা মৃতদেহ অ্যাম্বুলেন্সে তুলতে চান না। এজন্য স্থানীয়রা শববহনের জন্য দীর্ঘদিন ধরে গাড়ির দাবি জানাচ্ছিলেন। দাবিটি কনট্রাক্টর অ্যাসোসিয়েশন পূরণ করায় খুশি স্থানীয়রা।

শিবচতুর্দশীতে বাণেশ্বর শিবমন্দিরে কড়া নিরাপত্তা

পুণ্ডিবাড়ি, ১৩ ফেব্রুয়ারি ঃ বুধবার থেকে ঐতিহ্যবাহী বাণেশ্বর শিবমন্দিরে শিবচতুর্দশী উপলক্ষ্যে বিশেষ পুজো এবং মেলা শুরু হচ্ছে। মেলার দায়িত্বে রয়েছে বাণেশ্বর গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি। শিবমেলাকে কেন্দ্র করে কড়া নিরাপত্তার ব্যবস্থা করেছে পুলিশ। বাণেশ্বর শিবমন্দিরকে সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়েছে। মেলার প্রধান উপদেষ্টা তথা জেলাপরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ পরিমল বর্মন বলেন, বুধবার বিকেল ৪টেয় মেলার উদ্‌বোধন করবেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ। প্রায় ৩০০ বছরের পুরোনো এই মেলায় প্রায় ১ হাজারের বেশি দোকানপাট ইতিমধ্যেই বসেছে। নিরাপত্তার জন্য বসানো হচ্ছে সিসিটিভি ক্যামেরা।

কোচবিহার–২ ব্লকের বাণেশ্বর শিবমন্দিরের রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছে দেবত্র ট্রাস্ট বোর্ড। বুধবার ও বৃহস্পতিবার এই মন্দিরে শিবের মাথায় জল ঢালতে ও পুজো দিতে লক্ষাধিক ভক্তের সমাগম ঘটবে। মন্দিরে পুজো দিতে ভক্তদের যাতে কোনো অসুবিধে না হয় সে জন্য বাঁশের ব্যারিকেড তৈরি করা হয়েছে মন্দির চত্বরে। জানা গিয়েছে, ১৬২৫ থেকে ১৬৬০ সালের মধ্যে মহারাজা প্রাণনারায়ণের আমলে বাণেশ্বর শিবমন্দিরটি তৈরি হয়। পরবর্তীতে ভূমিকম্পে মন্দিরটি ক্ষতিগ্রস্ত হয়। ১৮৯৭ সালে মহারাজা নৃপেন্দ্রনারায়ণ মন্দিরটি একবার সংস্কার করান। তারপর গত বছর মন্দিরটি সংস্কার করতে রাজ্য পর্যটন দপ্তর ৩০ লক্ষ টাকা বরাদ্দ করেছে বলে জানা গিয়েছে। বাণেশ্বর শিবমন্দিরকে কেন্দ্র করে শিবরাত্রি উপলক্ষ্যে মেলা বসে।

মেলা কমিটির প্রধান উপদেষ্টা পরিমল বর্মন বলেন, ১২ দিন ধরে চলবে মেলা। প্রথম চারদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। মেলার উদ্‌বোধনের দিন জেলাপরিষদের সভাধিপতি পুষ্পিতা রায়ডাকুয়া, জেলাশাসক কৌশিক সাহা প্রমুখ উপস্থিত থাকবেন। মেলা উপলক্ষ্যে দোকানপাট বসেছে। পুণ্ডিবাড়ি থানার পুলিশ এই মেলার নিরাপত্তার দায়িত্বে রয়েছে। বাণেশ্বর শিবমন্দির সংলগ্ন দিঘিটিও সংস্কার করা হয়েছে। পুকুরের জলে মোহনদের (কচ্ছপ) যাতে ভক্তরা বিরক্ত না করে সে জন্য বোর্ড লাগিয়েছে দেবত্র ট্রাস্ট বোর্ড। দেবত্র ট্রাস্ট বোর্ড সূত্রের খবর, গত বছর বাণেশ্বরে শিবচতুর্দশী উপলক্ষ্যে ৪০ হাজার টাকার কুপন বিক্রি হয়েছে। এ বছর ওই টাকার অঙ্কটা আরও বাড়বে বলে মনে করছেন দেবত্র ট্রাস্ট বোর্ডের কর্তারা।

ভিড় সামলাতে মন্দির চত্বরে বানানো হয়েছে বাঁশের ব্যারিকেড। ছবি ঃ প্রাণপ্রতিম পাল

ট্রেন চেয়ে চিঠি

মাথাভাঙ্গা, ১৩ ফেব্রুয়ারি ঃ আলিপুরদুয়ার থেকে নিউ কোচবিহার ভায়া মাথাভাঙ্গা ও নিউ জলপাইগুড়ি হয়ে দার্জিলিং মেল চালানোর দাবি তুলল বিজেপির ল' অ্যান্ড লিগ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট। সংগঠনের কোচবিহার জেলা কমিটির পক্ষ থেকে ইতিমধ্যে ই–মেল মারফত কেন্দ্রীয় রেলমন্ত্রী পীযূষ গোয়েলের কাছে ওই দাবিপত্র পাঠানো হয়েছে। দাবিপত্রের প্রতিলিপি পাঠানো হয়েছে ভারতীয় রেল বোর্ডের চেয়ারম্যান, ইস্টার্ন রেলের জেনারেল ম্যানেজার, এনএফ রেলওয়ের জেনারেল ম্যানেজার ডিআরএম (আলিপুরদুয়ার)–এর কাছেও। একথা জানান সংগঠনের কোচবিহার জেলা আহ্বায়ক কৌশিক ভদ্র। সংগঠনের বক্তব্য, উত্তরবঙ্গের প্রত্যন্ত তিন জেলা আলিপুরদুয়ার, কোচবিহার ও জলপাইগুড়ির সাধারণ মানুষ যাতে দার্জিলিং মেলের পরিসেবা পেতে পারেন, সে জন্যই তাদের এই দাবি।

নির্মাণকর্মীদের সম্মেলন

বক্সিরহাট, ১৩ ফেব্রুয়ারি ঃ ভানুকুমারী–২ নির্মাণকর্মী সমিতির ভানুকুমারী–২ অঞ্চল শাখার প্রথম সম্মেলন অনুষ্ঠিত হল মঙ্গলবার। এদিন জোড়াই মোড়ে কমিউনিটি হলে আয়োজিত সম্মেলনের সূচনা করেন তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসির কোচবিহার জেলা সভাপতি প্রাজেশ ধর। অন্যদের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য রাখেন তৃণমূল কংগ্রেসের তুফানগঞ্জ–২ ব্লক সভাপতি রথীন মণ্ডল, ব্লক কার্যকরী সভাপতি তথা তুফানগঞ্জ–২ পঞ্চায়েত সমিতির সভাপতি স্বপনকুমার সাহা, ভানুকুমারী–২ গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান জয়ন্ত বর্মন প্রমুখ। আগামী পঞ্চায়েত নির্বাচনে তৃণমূলকে শক্তিশালী করাতে নির্মাণকর্মীদের সহযোগিতা চান বক্তারা। সম্মেলন শেষে আমিনুর ইসলামকে সভাপতি ও মানিক সরকারকে সম্পাদক করে ২৫ জনের অঞ্চল কমিটি গঠন করা হয়।